# হজ্জ, উমরা ও যিয়ারত গাইড

বিভাগ/অধ্যায়ঃ ৯ জিলহজ্জ : উকুফে আরাফা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

আরাফার ময়দানে প্রবেশ

আরাফার ময়দানে প্রবেশের সুন্নত তরিকা হল, মসজিদে ইব্রাহীমে[1]- যা বর্তমানে নামিরার মসজিদ বলে খ্যাত- জোহর আসর একসাথে হজ্জের ইমামের পিছনে আদায় করে আরাফার ময়দানে প্রবেশ করা। তবে বিশ লক্ষাধিক হাজির পক্ষে এ জাগায় অবস্থান নিয়ে জোহর আসর একসাথে পড়ে আরাফার ময়দানে প্রবেশ করা এবং উকুফ সম্পাদন করা অসম্ভব বিধায় এ সুন্নতের উপরও আমল করা সম্ভব হয় না। বর্তমান হজ্জ ব্যবস্থাপনার আওতায় হাজিদেরকে সরাসরি আরাফার ময়দানের ভেতরে পূর্বেই নিয়ে যাওয়া হয়। এতেও কোনো অসুবিধা নেই। তবে যদি ব্যক্তিগতভাবে কারো পক্ষে সম্ভব হয় এবং পথঘাট ভালো করে চেনা থাকে, একা একা আরাফায় সাথিদের কাছে ফিরে আসতে পারবে বলে নিশ্চিত থাকে, অথবা একা একাই মুযদালেফা গমন, রাত্রিযাপন ও সেখান থেকে মিনার তাঁবুতে ফিরে আসার মতো সামর্থ্য-সাহস ও আত্মবিশ্বাস থাকে তবে তার পক্ষে নামিরার মসজিদে এ সুন্নত আদায় করাই উত্তম।

আরাফার ময়দানে প্রবেশের পূর্বে গোসল করাকেও কেউ কেউ মুস্তাহাব বলেছেন। ইবনে ওমর (রাঃ) এরূপ করতেন। ওমর (রাঃ) ও ইবনে মাসউদ (রাঃ) ও গোসল করতেন বলে বর্ণায় এসেছে [2]

## ফুটনোট

[1] - আববাসী খেলাফতের শুরুতে এ মসজিদটি নির্মিত হয়। প্রথমে এর একটি মিনারা ছিল, বর্তমানে এর মিনারা সংখ্যা ছয়টি। রাসূলুল্লাহ (স) এ মসজিদের এখানে যোহর আসর একসাথে আদায় করে আরাফায় প্রবেশ করেছিলেন।

[2] - দেখুন : ইমাম নববী : কিতাবুল ইযাহ ফি মানাসিকিল হাজ্জি ওয়াল ওমরাহ , পৃ: ২৭২

Source — https://www.hadithbd.com/books/link/?id=3512

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন